

ছাত্র সংঘর্ষে সিলেট মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

সিলেট, ১৪ই জুলাই (নিজস্ব সংবাদদাতার টেলিফোন)— আজ দুপুরে সিলেট মেডিকেল কলেজের দুইটি ছাত্র সংগঠনের মধ্যে এক সংঘর্ষে ৭ জন আহত হয়। আহতদের মধ্যে একজনের

অবস্থা গুরুতর। তাহাকে এই হাসপাতালে ভর্তি করা হইয়াছে। মেডিকেল কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্ট কালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করিয়াছেন। (২য় পৃঃ দঃ)

ছাত্র সংঘর্ষ

(১ম পৃঃ পর)

কর্তৃপক্ষের নির্দেশে আজ বিকাল ৬ টার মধ্যে ছাত্ররা তাহাদের ছাত্রাবাস ত্যাগ করিয়াছে। নিরাপত্তার কারণে পুলিশ প্রহারা ছাত্রদের টেনে তুলিয়া দেওয়া হইয়াছে। কলেজ প্রাঙ্গণে পুলিশ মোতায়েন করা হইয়াছে।

কর্তৃপক্ষ জানান, একটি ছাত্রাবাসের একটি আসন লইয়া জাতীয়তাবাদী ছাত্র দল ও ছাত্র লীগের (জামদ-ইনু সমন্বিত) মধ্যে গত তিনদিন যাবৎ বিরোধ চলিতে ছিল। আজ তাহাদের মধ্যে সংঘর্ষ শুরু হইলে খবর পাইয়া পুলিশ ঘটনাস্থলে হাজির হয়। সংঘর্ষকারীদের মধ্যে কিছু সংখ্যক বহিরাগত ছিল। সংঘর্ষকারীরা তিনটি ছাত্রাবাসের ৪০টি কক্ষ তছনছ এবং দরজা-জানা-লার কাঁচ ও আসবাবপত্র ভাঙুর করে। পুলিশ ঘটনাস্থল হইতে একজনকে গ্রেফতার, দুইটি মাইক্রোবাস আটক ও বেশ কিছুসংখ্যক অস্ত্র উদ্ধার করিয়াছে। অস্ত্রের মধ্যে রামদা, কিরিচ, খুর ও হকি টিক রহিয়াছে।